যুগান্তর

তারিখ ... 09. APR. 2015 ...
পৃষ্ঠা ... ২২ ... কলাম ... ৬ ......

# শিক্ষার্থীদের প্রযুক্তি জ্ঞান অর্জনে এগিয়ে আসতে হবে

—এইউবি ভিসি

বুধবার এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ ক্যাম্পাসে আসে গুগল বাস। এ উপলক্ষে ইউনিভার্সিটির বিজনেস ফোরাম 'গুগল বাস এট এইউবি' অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানটি উদ্বোধন করেন ইউনিভার্সিটির ভিসি ড. আবুল হাসান মুহাম্মদ সাদেক। ভিসি বলেন, বর্তমান জীবনের সঙ্গে প্রযুক্তি অঙ্গাঙ্গিভাবে জড়িত। ছাত্রছাত্রীদের তাই প্রযুক্তির জ্ঞান অর্জনে এগিয়ে আসতে হবে। এক বছরের মধ্যে বাংলাদেশের চারশ' শিক্ষা প্রতিষ্ঠানে প্রযুক্তির জ্ঞান পৌঁছে দেয়ার লক্ষ্য নিয়ে কর্মসূচি শুরু করেছে গুগলের বাংলাদেশ অফিস। সংবাদ বিজ্ঞপ্তি।